মাঝপাড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শনে জেলা প্রশাসক

ইউনিয়ন ডিজিটাল সেন্টার
পরিদর্শনে জেলা প্রশাসক

আটঘরিয়া প্রতিনিধি: আজ মঙ্গলবার (২১ জুন) আটঘরিয়া উপজেলার মাঝপাড়া ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন পাবনা জেলার জেলা প্রশাসক রেখা রানী বালো ।

এসময় তিনি উপস্থিত সেবা প্রত্যাশীদের সাথে তাদের সেবা সম্পর্কিত বিষয় নিয়ে কথা বলেন। সেবাপ্রার্থীরা বর্তমান ডিজিটাল সেবায় সন্তোষ প্রকাশ করেন, সাথে সাথে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ডিজিটল সেন্টারের সেবা সমূহ তাদের জীবন মানকে সহজ ও উন্নত করেছে। জেলা প্রশাসক মহোদয় স্থানীয় চেয়ারম্যান, ইউপি সচিব ও উদ্যোক্তাদেরকে এই ডিজিটাল সেবা জনগণের দোরগোড়ায় পৌছানোর জন্য আন্তরিক চেষ্টা চালিয়ে যাওয়ার পরামর্শ দেন।

এ সময় অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন, আটঘরিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা আলীমুন রাজীব, মাজপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ফারুক আহমেদ প্রমুখ।